যুগান্তর

তারিখ 21 JAN 2010
পৃষ্ঠা ১৭ কলাম ৭

# দীর্ঘ ৭ বছর সমাবর্তনহীন বাকৃবি

বদরুল হাসান রিয়াদ, *বাকৃবি থেকে*

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) দীর্ঘ সাত বছর ধরে সমাবর্তন অনুষ্ঠান হচ্ছে না। বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর গত ৪৮ বছরে সমাবর্তন হয়েছে মাত্র পাঁচ বার। সাম্প্রতিক সময়ে সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের বিষয়ে বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ প্রশাসনের আগ্রহ থাকলেও বাজেট স্বল্পতার কারণে তা সম্ভব হচ্ছে না।

বাকৃবির প্রশাসন সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয়ে ১৯৬৮ সালের ২৮ মার্চ প্রথম এবং ২০০৩ সালের ৫ ফেব্রুয়ারি সর্বশেষ সমাবর্তন অনুষ্ঠিত হয়। ১৯৬৮ সালের ২৮ মার্চ ১ম, ১৯৭২ সালের ৩১ ডিসেম্বর ২য়, ১৯৯৪ সালের ৫ জুন ৩য়, শেখ হাসিনার নেতৃত্বে ১৯৯৭ সালের ২০ ডিসেম্বর ৪র্থ এবং ২০০৩ সালের ০৫ ফেব্রুয়ারি সর্বশেষ সমাবর্তন অনুষ্ঠিত হয়।

জানা যায়, ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতিষ্ঠার পর গত ৮৮ বছরে মোট ৪৫টি সমাবর্তন হয়েছে। অথচ ১৯৬১ সালের ১৮ আগস্ট বাকৃবি প্রতিষ্ঠার পর গত ৪৮ বছরে সমাবর্তন অনুষ্ঠিত হয়েছে মাত্র ৫ বার। ফলে খুব দ্রুত একটি সমাবর্তন অনুষ্ঠান বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের প্রাণের দাবিতে পরিণত হয়েছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের এমএস ছাত্র মামুন, ইমন, সাজেত ও তুষার বলেন, বিশ্ববিদ্যালয়ে সমাবর্তনের মাধ্যমে ক্যাম্পাসে একটি উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়। ফলে অধ্যয়নরত শিক্ষার্থীরা আরও বেশি উৎসাহিত হয়। কিন্তু বিশ্ববিদ্যালয়ে নিয়মিত সমাবর্তন না হওয়ায় সাময়িক সার্টিফিকেট দিয়েই ছাত্রছাত্রীদের পরবর্তী পড়াশোনা এবং চাকরিজীবন পার করতে হচ্ছে। মূল সার্টিফিকেট না থাকায় বাইরের ভালো বিশ্ববিদ্যালয়ে স্কলারশিপের জন্য আবেদন করলে মাঝে মাঝে সমস্যার সৃষ্টি হয়।

**৪৮ বছরে সমাবর্তন হয়েছে মাত্র ৫টি**

এই প্রসঙ্গে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এমএ সাত্তার মণ্ডল জানান, বিশ্ববিদ্যালয়ের সমাবর্তনের বিষয়ে প্রশাসনের আগ্রহ রয়েছে। কিন্তু সমাবর্তন অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে প্রথমত এর জন্য আলাদা সরকারি বাজেট এবং দ্বিতীয়ত বিশ্ববিদ্যালয়ের শিক্ষার পরিবেশ ও শিক্ষক-শিক্ষার্থীদের আগ্রহ প্রধান ভূমিকা পালন করে। তিনি জানান, দ্বিতীয় বিষয়টি আমাদের অনুকূলে থাকলেও প্রথমটির ব্যাপারে আলোচনা সাপেক্ষে যথা শিগগিরই বিশ্ববিদ্যালয়ে সমাবর্তন অনুষ্ঠান আয়োজন করার বিষয়ে আমাদের আগ্রহ রয়েছে।